জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় ঃ জননিরাপত্তা বিভাগের মে/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জননিরাপত্তা বিভাগের মে/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। জুন/২০১৯ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি এবং পেনড্রাইভে সফটকপি আগামী ১৭ জুন/২০১৯ (Nikosh Unicode Font) তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় সরাসরি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ৩(তিন) পাতা।

১৩/০৬/১৯
(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইলঃ admin3@mhapsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব ..............................................(সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ..................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব ....................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপ-প্রধান (পরিকল্পনা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিঃ সহকারী সচিব/সিনিঃ সহকারী প্রধান............................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব........................ (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

নং -৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২০১৯- 262 তারিখ ঃ ১৩/০৬/২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

H:\Ministry letter of Co-ordination meeting.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের মে/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন<br>সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৯ মে, ২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপর সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত অগ্রীম ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছার বার্তা সকল কর্মকর্তা/কর্মচারীকে পৌঁছে দেন। অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত) সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত) সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা :

সভাপতি সভায় জননিরাপত্তা বিভাগের সকল শাখা/অধিশাখা প্রধানদের প্রধানমন্ত্রীর স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন এর প্রতিবেদন দাখিল করার জন্য আহবান জানান। বিভিন্ন শাখায় পেন্ডিং রিপোর্টের সাথে কোন পত্রটি কোথায় পেন্ডিং তা জানাতে এবং অন্য মন্ত্রণালয় হলে তার ফলোআপসহ কোথায় আছে তা উল্লেখ্য করতে বলেন। এ বিভাগের আইন প্রণয়ন সংক্রান্ত সংশোধন, মেয়াদ বৃদ্ধি, তফসিলভূক্ত করণ ইত্যাদি বিষয়ে একটি ক্যালেন্ডার প্রলয়ণপূর্বক সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.১ তিনি জানান সামনে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে জনগণ যাতে নির্বিঘ্নে পরিবার পরিজন নিয়ে গ্রামের বাড়ি যেতে পারে এবং স্বজনদের সাথে আনন্দের সাথে ঈদ উদ্‌যাপন করতে পারে সেদিকে আইন-শৃংখলা বাহিনীর সজাগ দৃষ্টি রাখতে হবে। এছাড়া নিয়মিত উপস্থাপিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রাসঙ্গিক বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

৩.০ **বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩.১ শাখা পর্যায়ের কর্মকর্তাদের কাজের প্রতি আরো আন্তরিক ও মনোযোগি হতে হবে এবং প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে নথি উপস্থাপন করতে হবে। | অনুবিভাগ এবং শাখা অধিশাখা সকল |
| ৩.২ জননিরাপত্তা বিভাগের ও আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের আইন প্রণয়ন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি, তফসিলভূক্ত করণ ইত্যাদি বিষয়ে একটি ক্যালেন্ডার প্রলয়ণপূর্বক সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অনুবিভাগ সকল এবং আইন-২ শাখা |
| ৩.৩ শাখা অধিশাখার পেন্ডিং বিষয়াদি শাখা প্রধান কর্তৃক ফলোআপ করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অনুবিভাগ সকল |
| ৩.৪ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিনে একটি মেডিকেল ইউনিট গঠন করতে হবে। | পুলিশ ও এনটিএমসি |

৪.০ **বিগত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

সভায় এপ্রিল/২০১৯ ও পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় :

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | <u>**পরিদর্শন**</u> :<br>(ক) সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে।<br>(খ) জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শন করতে হবে। | (ক) সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখাসমূহ পরিদর্শন করা হয়েছে।<br>(খ) জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এ বিভাগের প্রকল্পসমূহ পরিদর্শন চলমান রয়েছে। | অনুবিভাগ এবং শাখা অধিশাখা সকল |

<table>
<tr><td>৪.২</td><td><u>পেন্ডিং বিষয়াদি দ্রুত নিষ্পত্তিকরণ :</u><br>(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের সংগে নিয়মিত যোগাযোগ করে পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) অনুবিভাগ প্রধানের অনুমোদনক্রমে অনুবিভাগভিত্তিক পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।<br>(গ) পেন্ডিং এর তালিকা প্রেরণের সময় পেন্ডিং এর বিষয় উল্লেখ করতে হবে।</td><td>জননিরাপত্তা বিভাগের ৩৬টি শাখা/ অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। নিষ্পত্তির তথ্য চিত্র উপস্থাপিত হয়েছে যা এ সাথে সংযুক্ত।</td><td>অনুবিভাগ এবং শাখা অধিশাখা সকল</td></tr>
<tr><td>৪.৩</td><td>অনুবিভাগ প্রধানগণ প্রতিনিয়ত শাখা কর্মকর্তাদের সাথে অনুবিভাগ এর কার্যক্রম ও সমস্যা বিষয়ে করবেন। শাখা কর্মকর্তারা গুরুত্বপূর্ণ/ স্পর্শকাতর/ নীতি নির্ধারনী অথবা পত্র বিষয়ে অনুবিভাগ প্রধানের সাথে পরামর্শপূর্বক তথ্য-উপাত্তসহ উপস্থাপন করবেন।</td><td>অনুবিভাগ প্রধানদের সাথে পরামর্শপূর্বক পত্রের বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে তথ্য-উপাত্তসহ নথি উপস্থাপন করা হচ্ছে।</td><td>অনুবিভাগ এবং শাখা অধিশাখা সকল</td></tr>
<tr><td>৪.৪</td><td>জননিরাপত্তা বিভাগের অবকাঠামো উন্নয়নের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>চলতি অর্থবছরে ৮নং ভবনের ১ম এবং ২য় তলার সিলিংসহ সম্মেলন কক্ষ সংস্কার এবং ৩য় ও ৪র্থ তলার বিভিন্ন রুমের জন্য বরাদ্দকৃত বাজেট দ্বারা সংস্কার কাজ দ্রুত গতিতে চলছে এবং কাজ প্রায় শেষ পর্যায়ে। কমিটি গত ১০/০৩/২০১৯ তারিখে একটি সভা করেছে। সভায় অবকাঠামো উন্নয়নের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।</td><td>প্রশাসন ও অর্থ অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২ ও গণপূর্ত বিভাগ</td></tr>
<tr><td>৪.৫</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে।</td><td>জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় কার্যক্রম চলমান রয়েছে :<table><tr><td>বিবেচ্য মাস</td><td>মোট টেন্ডারের সংখ্যা</td><td>ই-টেন্ডার এর সংখ্যা</td><td>ই-টেন্ডারের শতকরা হার</td></tr><tr><td>এপ্রিল/২০১৯</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr></table></td><td>প্রশাসন ও অর্থ অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২</td></tr>
<tr><td>৪.৬</td><td>GRS সম্পর্কিত অভিযোগসমূহ নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে।</td><td><table><tr><td>মাসের নাম</td><td>বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা</td><td>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা</td><td>মন্তব্য</td></tr><tr><td>এপ্রিল/২০১৯</td><td>৪৮</td><td>৪৮</td><td></td></tr></table></td><td>আইন ও শৃংখলা অনুবিভাগ/ আইন-২ শাখা</td></tr>
<tr><td>৪.৭</td><td><u>জনবল সংক্রান্ত:</u><br><u>বিজিবি</u><br>বিজিবির চাহিদাকৃত ১৫০০০ জনবলের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৪২৮২টি পদের সম্মতি গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রস্তাবটি অর্থ বিভাগে অনুমোদনের অপেক্ষমান।<br><u>আনসার</u><br>ব্যাটালিয়ন আনসার পদ সৃজনের জন্য অর্থ বিভাগে ১৮/১২/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়। এখন পর্যন্ত কার্যবিবরণী পাওয়া যায়নি। কার্যবিবরণী পাওয়ার পরে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td><u>বিজিবি</u><br>এ বিষয়ে গত ১৪/০৩/২০১৯ তারিখে অর্থ বিভাগে চাহিত জবাব প্রেরণ করা হয়েছে।<br><u>আনসার</u><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাবটি বিবেচনার জন্য কতিপয় তথ্য প্রদানের জন্য অনুরোধ করে। এ প্রেক্ষিতে জিজ্ঞাস্য তথ্যাদি প্রেরণের জন্য ০৫/০৩/২০১৯ তারিখে আনসার অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।</td><td>আনসার ও সীমান্ত অনুবিভাগ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | (গ) বাংলাদেশ পুলিশ<br>বাংলাদেশ পুলিশে পর্যায়ক্রমে অতিরিক্ত জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | (গ) বাংলাদেশ পুলিশ<br>গত ১০/০৪/২০১৯ তারিখে অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) মহোদয়ের সভাপতিত্বে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে গত ২০/০১/২০১৯ তারিখের পরিদর্শন সভায় প্রদত্ত নির্দেশনা এবং নির্বাচনী ইশতেহার অনুযায়ী বর্তমান সরকারের অগ্রাধিকার কর্মসূচিতে উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসহ সভার কার্যবিবরণী প্রস্তুতপূর্বক ১৪/০৫/২০১৯ তারিখ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। | |

৫.০ এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অধিকতর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য নির্দেশ দেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।